

## সুপেয় পানির সংকট রোধে ভূ-উপরিষ্ক পানি ব্যবহার নিশ্চিতের দাবি

প্রবাসী প্রতিবেদন

০৪ জুন ২০২৩ ২৩:৪৮ পিএম



পরিবেশ রক্ষা এবং সুপেয় পানির সংকট মোকাবিলায় প্লাস্টিকের ব্যবহার নিষিদ্ধ করার দাবি জানিয়েছেন কক্সবাজার জেলার নাগরিক সমাজ। পাশাপাশি জেলায়, বিশেষ করে উখিয়া-টেকনাফে সুপেয় পানির সংকট মোকাবিলায় ভূ-উপরিষ্ক পানি ব্যবহারের উৎস খুঁজে বের করারও আহ্বান জানানো হয়।

 গুগল নিউজে প্রতিদিনের বাংলাদেশ'র খবর পড়তে ফলো করুন

রবিবার (৪ জুন) কক্সবাজার জেলা প্রশাসক কার্যালয়ের সামনে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) ও সিসিএনএফ-এর আয়োজনে অনুষ্ঠিত মানববন্ধনে এ দাবি জানানো হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকতের তলদেশ আজ পলিথিনে ভরপুর। পৌর এলাকায় যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলা হচ্ছে। সারাদেশ যেন আবর্জনার ভাগাড়। সরকার প্লাস্টিক বিরোধী আইন করেছে। কিন্তু আইনের বাস্তবায়ন নাই। পলিথিন কারখানাগুলো অবৈধভাবে উন্মুক্ত রাখা হয়েছে। এখন থেকে পলিথিন উৎপাদনের জন্য কারখানার অনুমোদন বন্ধ করতে হবে। অবিলম্বে রোহিঙ্গা ক্যাম্পের প্লাস্টিক ব্যবহার বন্ধ করতে হবে। সরকারের প্রণীত আইন বাস্তবায়ন করা হোক। বিকল্প সৃষ্টির মাধ্যমে প্লাস্টিক ব্যবহার বন্ধ করতে হবে। এজন্য সবমহলের সদিচ্ছা থাকার দরকার।

বাপা কক্সবাজার জেলা সভাপতি বীর মুক্তিযুদ্ধা ফজলুল কাদের চৌধুরী, কক্সবাজার প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মো. মুজিবুল ইসলাম, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও বাপা সহ-সভাপতি জনাব এইচ এম এরশাদ, ইপসার প্রজেক্ট ম্যানজোর মো. হারুন, শিক্ষক এবং বিশিষ্ট লেখক মকবুল আহমেদ, সাংবাদিক নরুল ইসলাম, অর্নব এর প্রধান নির্বাহী পরিচালক নরুল আজিম, একলাবের প্রকল্প কর্মকর্তা মো. মনিরুজ্জামান, রূপালি সৈকতের বার্তা সম্পাদক জনাব নেজাম উদ্দিন, উন্নয়ন কর্মী সুরাইয়া নাসরিন, সমাজ কর্মী ও রাজনৈতিক ব্যক্তিত্ব কামাল উদ্দিন আহমেদ পিয়ারো, আদিবাসী নারী উন্নয়ন কর্মী মার্টিন, স্বপ্নজালের শাকির আলম, কক্সবাজার সাহিত্য একাডেমির সাধারণ সম্পাদক রুহুল কাদের বাবুল এবং কোস্ট ফাউন্ডেশনের পরিচালক মোস্তফা কামাল আকন্দ মানবন্ধনে বক্তব্য রাখেন।

মিজানুর রহমান বাহাদুর এবং কোস্ট ফাউন্ডেশনের সহকারী পরিচালক ও সিসিএনএফ এর সদস্য সচিব জাহাঙ্গীর আলমের যৌথ সঞ্চালনায় মানববন্ধনে সিসিএনএফ-এর অন্তর্ভুক্ত বিভিন্ন এনজিওর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।